

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ
www.dls.rupganj.narayanganj.gov.bd

স্মারক নং- ৩৩.০১.৬৭৬৮.০০০.১৮.০০২.২৪- ৫৪৬ (২)

তারিখঃ- ২৬/১০/২৪

বিষয়ঃ- পশুখাদ্য বিক্রয়কারী পাইকারী বিক্রেতা/এজেন্ট বা খুচরা বিক্রেতাকে যথাযথ নিয়মাবলী অনুসরণপূর্বক লাইসেন্স গ্রহণ/নবায়ন প্রসঙ্গে।
সূত্রঃ মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং পশুখাদ্য বিধিমালা, ২০১৩ বাস্তবায়নে মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর মহোদয়ের নির্দেশনা।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রূপগঞ্জ উপজেলার সকল পশুখাদ্য বিক্রয়কারী, পাইকারী বিক্রেতা ও খুচরা বিক্রেতাকে পশুখাদ্য/ফিড এডিটিভস বিক্রয়ের জন্য যথাযথ নিয়মাবলী অনুসরণপূর্বক লাইসেন্স গ্রহণ/নবায়ন করতে হবে। (মৎস্য ও পশুখাদ্য আইন, ২০১০ এর ৪ নং ধারা)

প্রয়োজনীয় কাগজপত্র :

- ১। নির্দিষ্ট ফর্মে আবেদন- ২ কপি
- ২। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ২ কপি (সত্যায়িত)
- ৩। আবেদনকারীর সদ্য তোলা পার্সপোর্ট সাইজের রঙিন ছবি- ২ কপি (সত্যায়িত)
- ৪। ট্রেড লাইসেন্স এর ফটোকপি- ২ কপি (সত্যায়িত)
- ৫। প্রয়োজ্য ক্যাটাগরির জন্য ড্যাটসহ আবেদন ফি(নতুন)/নবায়ন ফি(লাইসেন্সকৃত) এর কপি ২টি (মূলকপি)
- ৬। হালনাগাদকৃত আয়কর পরিশোধের সনদপত্র- ২ কপি (সত্যায়িত)

০২। সকল পশুখাদ্য বিক্রয়কারী, পাইকারী বিক্রেতা/এজেন্ট বা খুচরা বিক্রেতাকে লাইসেন্স এর জন্য যথাযথ নিয়মাবলী অনুসরণপূর্বক মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বরাবর নির্দিষ্ট ফর্মে আবেদন করিতে হইবে (মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এর ৫ ও ৬ নং ধারা)। মৎস্য খাদ্য ও পশুখাদ্য আইন, ২০১০ এবং পশুখাদ্য বিধিমালা, ২০১৩ মোতাবেক রেজিস্ট্রেশন ব্যতীত পশুখাদ্য/ফিড এডিটিভস বিক্রয় করা অপরাধ। তাই আইনের প্রতি শ্রদ্ধাশীল থেকে সকল পশুখাদ্য বিক্রয়কারী, পাইকারী বিক্রেতা/এজেন্ট বা খুচরা বিক্রেতাকে নিয়মাবলী অনুসরণপূর্বক লাইসেন্স গ্রহণ/নবায়ন করার জন্য আদেশক্রমে নির্দেশ প্রদান করা হল।

(ডাঃ সজল কুমার দাস)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ

প্রাপক,

স্মারক নং- ৩৩.০১.৬৭৬৮.০০০.১৮.০০২.২৪- ৫৪৬ (২)

তারিখঃ- ২৬/১০/২৪

সদয় জ্ঞাতার্থে ও অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, নারায়ণগঞ্জ।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ০৩। অফিসার-ইন-চার্জ, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
- ০৪। অফিস কপি।

(ডাঃ সজল কুমার দাস)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
রূপগঞ্জ, নারায়ণগঞ্জ